গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নম্বর : ২৪.০২.০০০০.০০০.০০১.১১.০০০১.২৫-৮৭০

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩২
২৪ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন বস্ত্র অধিদপ্তর ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কার্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৩তম থেকে ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০৬<br>(ছয়) টি<br>(স্থায়ী-২, অস্থায়ী-৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ২. | টেইলার মাস্টার<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০৬<br>(ছয়) টি<br>(স্থায়ী-৩, অস্থায়ী-৩) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রেস মেকিংসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ৯ (নয়) টি<br>(স্থায়ী-১, অস্থায়ী-৮) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি। |
| ৪. | আর্টিস্ট ডিজাইনার<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০৩<br>(তিন) টি<br>স্থায়ী | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা; অথবা<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল ট্রেড কোর্স পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৫. | প্যাটার্ণ ডিজাইনার<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০৫<br>(পাঁচ) টি<br>(স্থায়ী-৩, অস্থায়ী-২) | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে ফ্যাশন ডিজাইন বা ফাইন আর্টস এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ৬. | টেকনিক্যাল এসিসট্যান্ট<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৭<br>(সতেরো) টি<br>(স্থায়ী-৫, অস্থায়ী-১২) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |
| ৭. | লাইব্রেরী এ্যাসিসটেন্ট<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৫<br>(পাঁচ) টি<br>(স্থায়ী-১, অস্থায়ী-৪) | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ বা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ৮. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২০<br>(বিশ) টি<br>স্থায়ী | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি। |
| ৯. | ম্যাকানিক্স<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৭<br>(সতেরো) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ম্যাকানিক্যাল ট্রেড পাশসহ ৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১০. | হিসাব সহকারী কাম ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | আর্টিষ্ট এসিসট্যান্ট<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) টি<br>স্থায়ী | অংকন ও চারুকলায় পারদর্শিতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অন্যূন ৩(তিন) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১২. | বয়লার অপারেটর<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৫<br>(পাঁচ) টি<br>(স্থায়ী-১, অস্থায়ী-৪) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ এবং ৫ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং বয়লার ইন্সপেক্টর কর্তৃক এ অথবা বি গ্রেড সার্টিফিকেটপ্রাপ্ত। |
| ১৩. | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার) টি<br>(স্থায়ী-৩, অস্থায়ী-১) | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যালে ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট ও বৈধ ইলেকট্রিশিয়ান লাইসেন্সধারী। |
| ১৪. | ল্যাবরেটরী এসিসট্যান্ট<br>গ্রেড-১৮<br>৮৮০০-২১৩১০/- | ১৫<br>(পনেরো) টি<br>অস্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগ হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |
| ১৫. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ৬৭<br>(সাতষট্টি) টি<br>(স্থায়ী-১৪, অস্থায়ী-৫৩) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০৫<br>(পাঁচ) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ শারিরীকভাবে যোগ্য |
| ১৭. | মালি<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ১৮. | বাবুর্চি<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ রান্নার কাজে ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

**০২। আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. ০৪ আগস্ট ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

খ. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ২, ৪, ৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৬, ১৭ ও ১৮ নং ক্রমিকের শূন্য পদ পূরণে **"বস্ত্র পরিদপ্তর (কর্মকর্তা-ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪"**, ১ নং ক্রমিকের শূন্য পদ পূরণে **"সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯"** এবং ৩, ৮ ও ১৫ নং ক্রমিকের শূন্য পদ পূরণে **"মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯"** অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। ৩, ৮ ও ১৫ নং ক্রমিকের পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যান্য পদের প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না;

ঘ. ১, ৩ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী এবং ২, ৪, ৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ ও ১৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন;

ঙ. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ প্রদান করতে হবে;

চ. মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে;

ছ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে;

জ. শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে;

ঝ. **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাহিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

ঞ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

ট. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না;

ঠ. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোনো পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন;

ড. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঢ. আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে;

ণ. অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

**০৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময়:** ০৪ আগস্ট ২০২৫, সোমবার **সকাল-১০:০০ ঘটিকা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময়: ৩১ আগস্ট ২০২৫**, রবিবার **বিকাল-৫:০০ ঘটিকা।**
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u> Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পূর্ণ হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্নকারী প্রার্থী একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User Id নম্বর দেয়া থাকবে এবং User Id নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ থেকে ১৩ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২ (বারো) টাকাসহ **<u>মোট ১১২/- (একশত বারো) টাকা</u>** ও ১৪ থেকে ১৮ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬ (ছয়) টাকাসহ **<u>মোট ৫৬/- (ছাপ্পান্ন)</u>** টাকা এবং অনগ্রসর নাগরিকদের সকল গ্রেডের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৬ (ছয়) টাকাসহ **মোট ৫৬/- (ছাপ্পান্ন)** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: **DOTR**<space>**USER ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **DOTR M27313** & send to 16222
**Reply:** Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DOTR<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: **DOTR**<space>**YES**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DOTR YES 12345678 and send to 16222
**Reply:** Congratulations Applicant's Name, Payment completed successfully for DOTR Application for (post name) User ID is (M27313) and password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <u>http://dotr.teletalk.com.bd</u> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

ছ. SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

i. **User ID জানা থাকলে DOTR**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222.
   Example: **DOTR Help User M27313** & send to 16222.

ii. **PIN Number জানা থাকলে DOTR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.
   Example: **DOTR Help PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে <u>www.dot.gov.bd</u> এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল <u>https://alljobs.teletalk.com.bd/dotr</u> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য <u>www.dot.gov.bd</u> ওয়েবসাইট হতে জানা যাবে;

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে teletalk নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা ddadmin@dot.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DOTR Post Name:*****, Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/০৭/২০২৪

আ,ন,ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব) প্রশাসন ও অর্থ
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ কমিটি